

স্মারক নং- ধবিম/হ:শা:/৪-১৪৪/২০১৩-৩৮১

তারিখ: ০১ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ  
১৭ অক্টোবর ২০২২ খ্রিষ্টাব্দ

**বিষয়: কারণ দর্শানোর নোটিশ।**

যেহেতু আপনি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের বেসরকারি ব্যবস্থাপনায় হজ পরিচালনাকারী হিসেবে মাকারিম আল-বাইত টুরিজম সার্ভিস (হ.লা. নং-৯৯৩), 10/3/5 Toynbee Circular Road (5<sup>th</sup> Floor), Room#601/2, Motijheel C/A, Dhaka-1000. এর স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদার/ব্যবস্থাপক হিসেবে দায়িত্ব পালন করছেন; এবং


০২। যেহেতু আপনি হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর ০৯ ধারায় বর্ণিত নিবন্ধনের শর্তসমূহ পালনে দৃঢ়ভাবে অঙ্গীকারাবদ্ধ ছিলেন; এবং

০৩। যেহেতু, আপনার এজেন্সির বিরুদ্ধে জনাব আবদুল্লাহ আল হাসান, হোসনে আরা বেগম, মো: রেজাউল করিম, মোছা: সাহেরা বেগম, মো: আব্দুল মান্নান, সালেহা খাতুন, আহমেদ আলী এবং মো: আবুল কাশেম গং নিম্নরূপ অভিযোগ দাখিল করেন;

অভিযোগকারীগণ উল্লেখ করেন প্রাকৃতিক দুর্যোগ কোভিড-১৯ এর কারণে বাহিরের দেশ থেকে কোন হজযাত্রী হজ করতে পারেননি। আবার ২০২১ খ্রি. নিবন্ধন করলেও একই কারণে হজে যেতে পারেননি। ২০২২ সালে তাদের নির্ধারিত বয়স শেষ হওয়ায় এবং মাহরাম না পাওয়ার কারণে তারা হজে যেতে পারেননি। হজযাত্রীদের অজান্তে এজেন্সির স্বত্বাধিকারী তাদের নিবন্ধন বাতিল করেন। অভিযোগকারীগণ তাদের প্রাক-নিবন্ধন অটুট রেখে অভিযোগপত্রে উল্লেখিত হিসাব নম্বরে নিবন্ধনের সমুদয় টাকা ফেরৎ প্রদানের লক্ষ্যে মন্ত্রণালয়ের বলিষ্ট পদক্ষেপ এর জন্য অনুরোধ জানিয়েছেন।

০৪। যেহেতু অভিযোগমতে ২০২০ সালের হজের জন্য গ্রহণকৃত অর্থ ফেরৎ প্রদানে হজযাত্রীকে হয়রানি ও ভোগান্তির জন্য হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর ১২ অনুযায়ী অনিয়ম ও অসদাচরণ এর কারণসমূহ বিদ্যমান রয়েছে;

০৫। সেহেতু অভিযোগমতে আপনার কর্তৃক পরিচালিত মাকারিম আল-বাইত টুরিজম সার্ভিস (হ.লা. নং-৯৯৩) এর বিরুদ্ধে হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর ১২ ধারা লঙ্ঘন করায় একই আইনের ১৩ অনুযায়ী কেন প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার জবাব আগামী ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



মামুন আল ফারুক  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ৫৫১০১১১৮

e-mail: morahajsection@gmail.com


জনাব মাছুম ইকবাল  
ব্যবস্থাপনা অংশীদার  
মাকারিম আল-বাইত টুরিজম সার্ভিস (হ.লা. নং-৯৯৩)  
10/3/5 Toynbee Circular Road (5<sup>th</sup> Floor), Room#601/2,  
Motijheel C/A, Dhaka-1000

স্মারক নং- ধবিম/হ:শা:/৪-১৪৪/২০১৩-৩৮১

তারিখ: ০১ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ  
১৭ অক্টোবর ২০২২ খ্রিষ্টাব্দ

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে:**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা।
৩. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
৪. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (নোটিশটি [www.mora.gov.bd](http://www.mora.gov.bd) ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৬. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সাভারা সেন্টার, নয়াপল্টন, ঢাকা
৭. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড লিমিটেড, ১২ কাওরান বাজার, ঢাকা (নোটিশটি হজের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
৮. অফিস কপি



মামুন আল ফারুক  
সিনিয়র সহকারী সচিব